গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা।
www.bnfe.gov.bd

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.০২.০১৫ (অংশ-৬).২৬-৩৪০

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগস্ট ২০২৬

প্রেরক: মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শি/এ, ঢাকা।

প্রাপক : ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারঃ ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাংগাইল, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, বরিশাল, বরগুনা, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।

বিষয় : চলতি ২০২৬-২০২৭ অর্থবছরের জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়সমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে ৬৪টি জেলায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ভাতাদিসহ অন্যান্য খাতে ১০,৬৪,৯৭,৬৪০.০০ (দশ কোটি চৌষট্টি লক্ষ সাতানব্বই হাজার ছয়শত চল্লিশ মাত্র) টাকা অর্থ বরাদ্দের মঞ্জুরী জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৬-২০২৭ অর্থবছরের জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জেলা কার্যালয়সমূহের অনুকূলে ১৯,৯৬,০০,০০০.০০ (উনিশ কোটি ছিয়ানব্বই লক্ষ মাত্র) টাকার বাজেট বিভাজন প্রাগম হতে পাওয়া যায় । উক্ত বরাদ্দকৃত ১৯,৯৬,০০,০০০.০০ (উনিশ কোটি ছিয়ানব্বই লক্ষ মাত্র) টাকা হতে জেলা পর্যায়ে কর্মরত ৬৪ জন সহকারী পরিচালকের অনুকূলে চলতি অর্থবছরে জুলাই'২০২৬ হতে জুন'২০২৭ পর্যন্ত সময়ের বেতন ভাতাদিসহ অন্যান্য খাতের ব্যয় নির্বাহের জন্য ১০,৬৪,৯৭,৬৪০.০০ (দশ কোটি চৌষট্টি লক্ষ সাতানব্বই হাজার ছয়শত চল্লিশ মাত্র) টাকা বরাদ্দের অর্থ মঞ্জুরী নির্দেশক্রমে জারী করা হলো।

ব্যয়ের শর্তাবলীঃ-

১. এই অর্থ প্রাতিষ্ঠানিক কোড ১২৪০৩০২-জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যালয়সমূহ, অপারেশন কোড ১২৪০৩০২০০০০০০- জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহের অনুকূলে চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে উপরিল্লিখিত খাতসমূহ বরাদ্দ দেয়া হলো এবং সে অনুযায়ী ব্যয় করতে হবে।

২. চলতি ২০২৬-২০২৭ অর্থ বছরের মধ্যে উপরে বর্ণিত খাতের বিপরীতে বরাদ্দকৃত অর্থ খরচ করা যাবে। তবে কোন অবস্থাতেই বরাদ্দের অতিরিক্ত বা এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। বিদ্যমান আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩. এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী পরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন অনিয়মিত ব্যয়ের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪. ২০২৬-২০২৭ অর্থবছরে প্রেরিত বাজেটের বিপরীতে সব বিল সফট্ওয়্যারের মাধ্যমে করতে হবে এবং আইবাস++ এর ব্যয়ের রিপোর্টের সাথে সফট্ওয়্যারের ব্যয়ের রিপোর্টের মিল থাকতে হবে। যদি কোন প্রকার ত্রুটি/হিসাবের গড়মিল পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট সহকারী পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৫. ব্যয়িত টাকার সমর্থনে রেভিনিউ ষ্ট্যাম্পের উপর (প্রযোজ্য ক্ষেত্রে) স্বাক্ষরযুক্ত ভাউচারসমূহ ভবিষ্যৎ নিরীক্ষার জন্য যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রয়োজনে যে কোন সময় ভাউচারসমূহ তলব করা হতে পারে। কাজেই ভাউচারসমূহ এমনভাবে সংরক্ষণ করতে হবে যাতে স্বল্প সময়ের নোটিশে তা অত্র কার্যালয়ে দাখিল করা যায়।

৬. একাউন্টিং সফট্ওয়্যারে মাধ্যমে প্রতিমাসের বেতনভাতাদি পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে বেতনভাতাদি খাতে এন্ট্রি দিতে হবে (যেমন জুন/২৬ এর বেতনভাতাদি জুলাই/২৬ এ এন্ট্রি দিতে হবে)।

(স্বাক্ষর) ০৬/০৮/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.০২.০১৫ (অংশ-৬).২৬- ৬৪০/(৮৩৫)

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩
০৬ আগস্ট ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সহকারী প্রোগ্রামার, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাংগাইল, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, ফেনী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, গাইবান্ধা, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, বরিশাল, বরগুনা, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ।

(স্বাক্ষর) ০৬/০৮/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

C:\Users\BNFE\Desktop\জেলায় বাজেট প্রেরিত চিঠি\জেলায় বাজেট ২০২৫-২৬ প্রেরিত চিঠি.docx

